# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৯৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِإِبَاحَةِ مَا ذَكَرْنَاهُ

---

আরবী

2293 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ أَيُصلِّي أحدُنا فِي الثَّوْبِ الْوَاحِدِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَوَكُلُّكُمْ يَجِدُ ثَوبَين)
فَقَالَ أَبُو هُرَيْرَةَ لِلَّذِي سَأَلَهُ: أتعرف أبا هريرة وهو يُصَلِّي فِي ثَوْبٍ وَاحِدٍ وَثِيَابُهُ مَوْضُوعَةٌ عَلَى المِشْجَبِ
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2293 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الروض النضير)) (1069 و 1092) , ((صحيح أبي داود)) (636): ق.

বাংলা

২২৯৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমাদের কেউ কি এক কাপড়ে সালাত আদায় করতে পারবে?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জবাবে বলেন, “তোমাদের প্রত্যেকেই দুটো কাপড় পায় কি?”

তখন আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু প্রশ্নকারীকে বলেন, “তুমি আবূ হুরাইরাকে চিন কি? তিনি এক কাপড়ে সালাত আদায় করেন অথচ তার কাপড় আলনাতে রাখা আছে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৩৮-২৩৯; হুমাইদী: ৯৩৭; ইবনু মাজাহ: ১০৪৭; ইবনুল জারূদ: ১৭০; সহীহ ইবনু খুযাইমাহ: ৭৫৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91611

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন